# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 17 July, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফিশারিজ ও মেরিন সায়েন্স (মৎস্য ও সমুদ্রবিজ্ঞান) বিভাগের উদ্যোগে “□□□□□□□□□□□□□□□ □□□□□□□□ □□ □□□□ □□□□□□□□□□ □□ □□□□□□□□ □□□□□□□□□□□ □□ □□□□□□□□□□□” শীর্ষক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।উপকূলীয় অঞ্চলে মাছের পরিব্রজন, জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং বাস্তুতন্ত্রের ভারসাম্য নিয়ে আলোচনা হয় সেমিনারজুড়ে।

সেমিনারটি অনুষ্ঠিত হয় বিভাগের অধ্যাপক ড. রাকেব-উল-ইসলামের তত্ত্বাবধানে।স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মেহেদী মাহমুদুল হাসান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল।মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিভার্সিটি অব গ্লাসগো-এর সিনিয়র লেকচারার এবং মেরিন ইকোলজি বিশেষজ্ঞ ড. নীল বার্নস।তিনি বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে মাছের সময় ও স্থানভিত্তিক চলাচল, জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং সামুদ্রিক বাস্তুতন্ত্রে পরিবেশগত ভারসাম্য নিয়ে বিশদ আলোচনা করেন।

চেয়ারম্যান অধ্যাপক ড. মেহেদী মাহমুদুল হাসান বলেন, “উপকূলীয় অঞ্চলে মাছের পরিব্রজন কেবল জৈবিক বা প্রাকৃতিক ইস্যু নয়, বরং এটি আমাদের অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত।এই ধরনের গবেষণামূলক আয়োজন শিক্ষার্থীদের গবেষণার প্রতি আগ্রহ বাড়াবে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে আমাদের অবস্থান আরও সুদৃঢ় করবে।”

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল বলেন, “আমরা বিশ্বাস করি আমাদের শিক্ষকগণ গবেষণার জন্য প্রয়োজনীয় তহবিল আহরণে সক্ষম।এর মাধ্যমে শুধু বিশ্ববিদ্যালয়ের কার্যকারিতাই বাড়বে না, বরং শিক্ষকদের ব্যক্তিগত পেশাগত উন্নয়নও ত্বরান্বিত হবে।”

তিনি আরও আশাবাদ ব্যক্ত করেন যে, ভবিষ্যতে যুক্তরাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে গবেষণা ও একাডেমিক সহযোগিতা আরও শক্তিশালী হবে, একইসঙ্গে দেশের সরকারি-বেসরকারি গবেষণা সংস্থাগুলোর সঙ্গে কার্যকর সমন্বয় গড়ে তোলা সম্ভব হবে।

সেমিনার শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে।

বিশ্ববিদ্যালয় চেয়ারম্যান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 12:56

URL: https://timestodaybd.com/public/campus/4929775807